



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)
৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখ: ২০ চৈত্র ১৪৩০
০৩ এপ্রিল ২০২৪

প্রশাসনিক পরিপত্র নং- ২০/২০২৪

আইসিবি নিজস্ব পত্রকোষ এবং আইসিবি ইউনিট ফান্ড পত্রকোষে ধারণকৃত নন-লিস্টেড/কাগুজে শেয়ারসমূহের পুনঃমিলকরণ কাজ সম্পাদনের জন্য নিম্নোক্তভাবে একটি 'টাস্কফোর্স' গঠন করা হলো:

| | |
|--|------------|
| ০১. জনাব মোঃ শওকত হোসেন, প্রিন্সিপাল অফিসার, সিকিউরিটিজ রিকনসিলিয়েশন ডিপার্টমেন্ট | সদস্য |
| ০২. মিসেস মিতা ঘোষ, প্রিন্সিপাল অফিসার, সিকিউরিটিজ রিকনসিলিয়েশন ডিপার্টমেন্ট | সদস্য |
| ০৩. জনাব মোঃ সফিকুর রহমান, প্রিন্সিপাল অফিসার, শেয়ারস্ ডিপার্টমেন্ট | সদস্য |
| ০৪. মিজ্ শাহরীন মোস্তফা, সিনিয়র অফিসার, সিকিউরিটিজ রিকনসিলিয়েশন ডিপার্টমেন্ট | সদস্য |
| ০৫. জনাব মোঃ আতিকুর রহমান, সিনিয়র অফিসার, শেয়ারস্ ডিপার্টমেন্ট | সদস্য-সচিব |
| ০৬. জনাব মোঃ গোলাম কিবরিয়া, সুপারভাইজার, সিকিউরিটিজ রিকনসিলিয়েশন ডিপার্টমেন্ট | সদস্য |
| ০৭. জনাব মোঃ আমিনুল ইসলাম, সুপারভাইজার, শেয়ারস্ ডিপার্টমেন্ট | সদস্য |

কার্যপরিধি:

টাস্কফোর্স আইসিবি নিজস্ব পত্রকোষ এবং আইসিবি ইউনিট ফান্ড পত্রকোষে ধারণকৃত নন-লিস্টেড/কাগুজে শেয়ারসমূহের পুনঃমিলকরণ সংক্রান্ত কার্যাবলী নিম্নোক্ত ধারাক্রম অনুযায়ী সম্পন্ন করবে:

(ক) ভল্টে সংরক্ষিত শেয়ার সার্টিফিকেটসমূহের সংখ্যার সাথে MOMS সফটওয়্যারে সংরক্ষিত সংখ্যা/তথ্যাদি ফিজিক্যালি যাচাইকরণ;

(খ) ভল্টে সংরক্ষিত শেয়ার সার্টিফিকেটসমূহকে ভিত্তি (Benchmark) হিসেবে বিবেচনা করতঃ MOMS এর PSDR সংশোধনকরণ;

(গ) প্রোগ্রামিং ডিপার্টমেন্ট এর সহযোগিতায় চূড়ান্ত সম্পাদনার কাজ সম্পন্নকরণ; এবং

(ঘ) ভল্টে সংরক্ষিত মোট প্রায় ১২১টি কোম্পানির মধ্যে প্রতি মাসে ন্যূনতম ১০টি কোম্পানির কাগুজে শেয়ার এর পুনঃমিলকরণ কাজ সম্পন্ন করে উপ-মহাব্যবস্থাপক, ডিপোজিটরি ডিভিশন এর নিকট উপস্থাপন।

০২। জনাব মোঃ সাইফুল ইসলাম, সহকারী মহাব্যবস্থাপক, শেয়ারস্ ডিপার্টমেন্ট আলোচ্য 'টাস্কফোর্স' এর সামগ্রিক কাজের তদারকি করতঃ সার্বিক তত্ত্বাবধানকারীর দায়িত্ব পালন করবেন। এছাড়া জনাব মোঃ মাসুদ রানা প্রাং, সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট শেয়ার পুনঃমিলকরণ কাজে প্রযুক্তিগত (MOMS সফটওয়্যার সম্পর্কিত) সহযোগিতা প্রদান করবেন।

০৩। আইসিবি নিজস্ব পত্রকোষ এবং আইসিবি ইউনিট ফান্ড পত্রকোষে ধারণকৃত নন-লিস্টেড/কাগুজে শেয়ারসমূহের পুনঃমিলকরণ সংক্রান্ত কাজ শেয়ারস্ ডিপার্টমেন্ট, সিকিউরিটিজ রিকনসিলিয়েশন ডিপার্টমেন্ট এবং প্রোগ্রামিং ডিপার্টমেন্ট সমন্বয় করে সম্পাদন করবে।

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(এস. এম. সিরাজুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।